গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ব্যাম্পডক ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.doict.gov.bd

নং-৫৬.০৪.০০০০.০০৩.১৮.০১৪.১৫-১৫৪৭ তারিখঃ ১৯/১১/২০১৫ খ্রিঃ

বিষয়ঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের কার্যাবলী।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় পর্যায়ে তথ্য প্রযুক্তির সুফল পৌঁছে দিতে সরকারের সকল পর্যায়ে তথ্য প্রযুক্তি সম্প্রসারণ কাজ ত্বরান্বিত করা বাঞ্ছণীয়। এমতাবস্থায়, যে সকল কার্যক্রমসমূহ সম্পাদনের নিমিত্ত (সংযোজনী-১, ২ ও ৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর গঠিত হয়েছে, সে অনুসারে কার্যক্রম পরিচালনার জন্য জেলা ও উপজেলায় কর্মরত এ অধিদপ্তরের সকল কর্মকর্তাকে এতদ্‌সংক্রান্ত অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথ প্রতিপালন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের দায়িত্ব পালনে জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসনকে সার্বিক সমন্বয় ও তত্ত্বাবধানে সহযোগিতা প্রদানে বিশেষভাবে অনুরোধ করা হলো।

৩। বিষয়টি জনস্বার্থে অতীব জরুরী।

সংযুক্তিঃ বর্ণনামতে ০৩ (তিন) পাতা।

১৯/১১/১৫
(জসীম উদ্দিন আহমেদ)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ফোনঃ ০২-৮১৮১০৮৫ (অফিস)

১। প্রোগ্রামার (সকল জেলা)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২। সহকারী প্রোগ্রামার (সকল উপজেলা)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে):
১। বিভাগীয় কমিশনার, .....................................(সদয় অবগতির জন্য)।
২। জেলা প্রশাসক, ............................ (তাঁকে সার্বিক সমন্বয় ও তত্ত্বাবধানে সহযোগিতা প্রদানে অনুরোধসহ)।
৩। উপজেলা নির্বাহী অফিসার, ...............................................(তাঁকে সার্বিক সমন্বয় ও তত্ত্বাবধানে সহযোগিতা প্রদানে অনুরোধসহ)
৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭ (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। অফিস নথি/মাস্টার ফাইল।

৮৬৩

সংযোজনী-০১

<u>জেলা পর্যায়ে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার (প্রোগ্রামার) কার্যাবলী:</u>

- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা কার্যালয়ের সকল কার্যক্রম পরিচালনা;
- কম্পিউটার নেটওয়ার্ক, হার্ডওয়্যার ও সফট্ওয়্যারের স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন প্রণয়নের কাজে সহায়তা প্রদান;
- সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের দরপত্র কমিটিতে কম্পিউটার যন্ত্রপাতি ক্রয়ে প্রতিনিধিত্বকরণ;
- অটোমেশনের জন্য সফট্ওয়্যার উন্নয়ন, প্রোগ্রামিং ও বাস্তবায়ন;
- পেপারলেস অফিস চালুকরণ ও রক্ষণাবেক্ষণ;
- কম্পিউটার সিকিউরিটি ও ভাইরাস সচেতনতা সৃষ্টি;
- সরকারি অফিসে ইন্টারনেট/ ওয়েব সার্ভিস চালুকরণে পরামর্শ দান ও সেবা প্রদান;
- সকল কার্যক্রম কম্পিউটারাইজেশনের লক্ষ্যে কাস্টমাইজড সফট্ওয়্যার উন্নয়নে ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়ন;
- চাকুরী ক্ষেত্রে বাংলাদেশী আইসিটি প্রফেশনালদের দুর্বলতা নিরূপণ ও দক্ষতা বৃদ্ধিকরণে প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ;
- চাকুরীতে দেশের আইসিটি প্রফেশনালদের দুর্বলতা নিরূপণ ও দক্ষতা বৃদ্ধিতে প্রয়োজনীয় সহায়তা প্রদান;
- উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট জেলার মাসিক রিপোর্ট করা এবং অধস্তন কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতি/বদলি/পদায়ন করবেন;
- অফিস প্রধান হিসেবে ডি,ডি,ও সহ বাজেট প্রস্তুত ও প্রণয়ন, বিল প্রস্তুত ও উত্তোলন এবং অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র, যন্ত্রপাতি ইত্যাদির রেজিস্ট্রার সংরক্ষণ।
- কর্তৃপক্ষের নির্দেশে অন্যান্য কাজ ইত্যাদি।

<u>উপজেলা পর্যায়ে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার (সহকারী প্রোগ্রামার) কার্যাবলী:</u>

- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপজেলা কার্যালয়ের সকল কার্যক্রম পরিচালনা;
- আইসিটি সংক্রান্ত কার্যক্রম উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ;
- কম্পিউটার নেটওয়ার্ক, হার্ডওয়্যার ও সফট্ওয়্যারের স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন প্রণয়নের কাজে সহায়তা প্রদান;
- সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের দরপত্র কমিটিতে কম্পিউটার যন্ত্রপাতি ক্রয়ে প্রতিনিধিত্বকরণ;
- অটোমেশনের জন্য সফট্ওয়্যার উন্নয়ন, প্রোগ্রামিং ও বাস্তবায়ন;
- পেপারলেস অফিস চালুকরণ ও রক্ষণাবেক্ষণ;
- কম্পিউটার সিকিউরিটি ও ভাইরাস সচেতনতা সৃষ্টি;
- সরকারি অফিসে ইন্টারনেট/ ওয়েব সার্ভিস চালুকরণে পরামর্শ দান ও সেবা প্রদান;
- সকল কার্যক্রম কম্পিউটারাইজেশনের লক্ষ্যে কাস্টমাইজড সফট্ওয়্যার উন্নয়নে ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়ন;
- অফিস প্রধান হিসেবে ডি,ডি,ও সহ বাজেট প্রস্তুত ও প্রণয়ন, বিল প্রস্তুত ও উত্তোলন এবং অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র, যন্ত্রপাতি ইত্যাদির রেজিস্ট্রার সংরক্ষণ।
- কর্তৃপক্ষের নির্দেশে অন্যান্য কাজ ইত্যাদি।

১৭/১১/১৫

জসীম উদ্দিন আহমেদ
মহাপরিচালক
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

সংযোজনী-০২

## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর প্রধান প্রধান কার্যাবলীঃ

- সরকারের সকল পর্যায়ে আইসিটির ব্যবহার ও প্রয়োগ নিশ্চিতকরণ এবং সমন্বয় সাধন;
- মাঠ পর্যায়ে সকল দপ্তরে আইসিটি'র উপযুক্ত অবকাঠামো সৃষ্টিতে সহায়তা প্রদান, রক্ষণাবেক্ষণ এবং সার্পোট প্রদান;
- সকল পর্যায়ের সরকারী দপ্তরে পেশাগত দক্ষতাসম্পন্ন লোকবল নিয়োগ, পদোন্নতি, পদায়ন এবং বদলীকরণ;
- সকল পর্যায়ে তথ্য প্রযুক্তির কারিগরী ও বিশেষায়িত জ্ঞান বিতরণ;
- সরকারি প্রতিষ্ঠান ও জনবলের সমতা উন্নয়নে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;
- তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট জনবলের প্রশিক্ষণ চাহিদা নিরূপণ ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা;
- তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট জনবলের সমতা উন্নয়নে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;
- তৃণমূল পর্যায় পর্যন্ত জনগণকে ইলেকট্রনিক পদ্ধতিতে সেবা প্রদানের উদ্যোগ গ্রহণ এবং এতদ্বিষয়ে তথ্য সংগ্রহ, বিতরণ ও গবেষণা কার্যক্রম পরিচালনা;
- যন্ত্রপাতি ইত্যাদির চাহিদা, মান ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ;
- সকল পর্যায়ে আধুনিক প্রযুক্তি আত্মীকরণে গবেষণা, উন্নয়ণ ও সহায়তা প্রদান;
- অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের মেধা, অভিজ্ঞতা, যোগ্যতার যথাযথ মূল্যায়ণের মাধ্যমে যথাযথ মর্যাদা প্রদান ও স্বার্থ সংরক্ষণ;
- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য প্রযুক্তি সম্প্রসারণে সহায়তাকরণ;
- আইসিটি শিক্ষা ও ডিজিটাল বাংলাদেশ উদ্বুদ্ধকরণে সহায়তাকরণ;
- আইটি খাতে ব্যবসা উন্নয়নের ক্ষেত্রে প্রতিবন্ধকতা ও চ্যালেঞ্জ শনাক্তকরণের মাধ্যমে আইটি ব্যবসা খাতে উন্নয়নে সহায়তাকরণে;
- আইসিটি পেশাগত দক্ষতা যাচাই ও উন্নীত করণে সহায়তাকরণ;
- দেশে ডিজিটাল স্বাক্ষর চালুকরণে সহায়তাকরণ;
- মাঠ পর্যায়ে বিশেষতঃ শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবসহ অন্যান্য সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার যন্ত্রপাতি ব্যবহার ও রক্ষণাবেক্ষণে সহায়তাকরণ;
- মাঠ পর্যায়ের সকল ওয়েব সাইট, ওয়েব পোর্টাল ও নেটওয়ার্ক সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণে সহায়তাকরণ;
- জেলা/ উপজেলা/ ইউনিয়ন পর্যায়ে ইতোমধ্যে স্থাপিত ই-তথ্য কেন্দ্রসমূহে যথাযথ তথ্য সরবরাহ, সংরক্ষণ, হালনাগাদকরণ, ওয়েব পোর্টাল চালু রাখতে সহায়তাকরণ।
- 

১২/১১/১৫

জসীম উদ্দিন আহমেদ
মহাপরিচালক
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

সংযোজনী-০৩

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের অন্যান্য কার্যক্রম (বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের দায়িত্বলী একত্রে সংগ্রহীত)

- আইসিটি সংশ্লিষ্ট নীতিমালা, কৌশলপত্র, কর্মপরিকল্পনা প্রণয়ন ও তত্ত্বাবধানে আইসিটি অধিদপ্তরকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান;
- কম্পিউটার হার্ডওয়্যার, সফট্ওয়্যার ও নেটওয়ার্কিং সংক্রান্ত সমস্যা নিরসনে পরামর্শ প্রদান;
- সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে কম্পিউটারায়নে হার্ডওয়্যার/সফট্ওয়্যার সংক্রান্ত স্টান্ডার্ড নির্ধারণে পরামর্শ প্রদান;
- সরকারি অফিসে ইন্টারনেট/ ওয়েব সার্ভিস চালুকরণ, রক্ষণাবেক্ষণ এবং ই-কমার্স ও ই-গভর্নেন্স কার্যক্রমে পরামর্শ প্রদান;
- সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের দরপত্র কমিটিতে কম্পিউটার যন্ত্রপাতি ক্রয়ে প্রতিনিধিত্বকরণ;
- পেপারলেস অফিস চালুকরণ ও রক্ষণাবেক্ষণ;
- সাইবার ক্রাইম ডিটেকশনে ও প্রটেকশনে সহায়তা প্রদান;
- কম্পিউটার সিকিউরিটি ও ভাইরাস সচেতনতা সৃষ্টি;
- সরকারি ও বেসরকারি সংস্থার নাগরিক সেবাসমূহ আইসিটির মাধ্যমে জনগণের কাছে পৌঁছে দিতে সহায়তা প্রদান;
- সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে কম্পিউটার সামগ্রী অচল ঘোষণায় সহায়তা প্রদান;
- কম্পিউটারাইজেশনের জন্য কম্পিউটার নেটওয়ার্ক, হার্ডওয়্যার ও সফট্ওয়্যারের স্টান্ডার্ড স্পেসিফিকেশন প্রণয়ন এবং এতদসংক্রান্ত কাজে সহায়তা প্রদান;
- তথ্য প্রযুক্তি সংক্রান্ত তথ্য/ডাটা সংগ্রহ ও প্রতিবেদন/ গবেষণাপত্র মূল্যায়ন;
- তথ্য প্রযুক্তির মাধ্যমে দারিদ্র বিমোচন কৌশলপত্র প্রণয়নে ভূমিকা রাখা;
- নিজ নিজ কার্যালয়ের যাবতীয় তথ্য নিয়ে ডাটাবেজ তৈরী করণে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে ভূমিকা রাখা;
- ইন্টারনেটের মাধ্যমে নাগরিকদের গুরুত্বপূর্ণ সেবা প্রদান;
- আইসিটি বিষয়ক বিবিধ কার্যক্রম পরিচালনায় সহায়তা প্রদান;
- বিসিসি'র হার্ডওয়্যার, নেটওয়ার্ক ও ওয়েব ডেভেলপমেন্ট সংশ্লিষ্ট প্রশিক্ষণে পাঠদান ও কোর্স সমন্বয়করণ;
- অটোমেশনের জন্য সফটওয়্যার উন্নয়ন, প্রোগ্রামিং ও বাস্তবায়ন;
- সকল কার্যক্রম কম্পিউটারাইজেশনের লক্ষ্যে কাস্টমাইজড সফট্ওয়্যার উন্নয়নে ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়ন;
- চাকুরী ক্ষেত্রে বাংলাদেশী আইসিটি প্রফেশনালদের দুর্বলতা নিরূপণ ও দক্ষতা বৃদ্ধিতে প্রয়োজনীয় সহায়তা প্রদান;
- আইসিটি বিষয়ক গবেষণা কার্যক্রম উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ;

১২/১১/১৫

জসীম উদ্দিন আহমেদ
মহাপরিচালক
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর